

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

[মূল্য সংযোজন কর]

প্রজ্ঞাপন

ঢাকা, ২৯শে জ্যৈষ্ঠ, ১৪০৪ বাং/ ১২ই জুন, ১৯৯৭ ইং

এস, আর, ও, নং ১৩৫-আইন/৯৭/১৫২-মূসক।- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৭২ [ধারা ২৭ এর উপ-ধারা (১) ও ধারা ৩৯ এর উপ-ধারা (২) এর সহিত পঠিতব্য] এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড নিম্নরূপ বিধিমালা প্রনয়ন করিল, যথাঃ-

- ১। সংক্ষিপ্ত শিরনামা ও প্রবর্তন।- (১) এই বিধিমালা আটককৃত পণ্য ও যানবাহন (অন্তর্বর্তীকালীন ছাড় প্রদান) বিধিমালা, ১৯৯৭ নামে অভিহিত হইবে।
(২) এই বিধিমালা ২৯শে জ্যৈষ্ঠ, ১৪০৪ বাং মোতাবেক ১২ ই জুন, ১৯৯৭ ইং তারিখে কার্যকর হইবে।
- ২। সংজ্ঞা।- বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়-
ক) “আইন” অর্থ মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন);
খ) “কর” অর্থ আইনের ধারা ৩, ৭ ও ৮ এ উল্লিখিত যথাক্রমে মূল্য সংযোজন কর, সম্পূরক ও ট্যাংগভার কর;
গ) “ন্যায় নির্ণয়নকারী কর্মকর্তা” (অর্থ আইনের ধারা ৪০ ও উহার অধীন জারিকৃত প্রজ্ঞাপন অনুযায়ী সংশ্লিষ্ট মামলার ন্যায় নির্ণয়নের জন্য উপযুক্ত কর্মকর্তা);
ঘ) “বিধিমালা” অর্থ আইনের অধীন প্রণীত মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১।
- ৩। আটককৃত পণ্য ও যানবাহন ছাড় প্রদানকারী কর্মকর্তা।- আইনের ধারা ২৭ এর আওতায় আটককৃত পণ্য, অতঃপর পণ্য বলিয়া উল্লিখিত, ও বিধিমালায় বিধি ৭ এর অধীন আটককৃত যানবাহন, অতঃপর যানবাহন বলিয়া উল্লিখিত, সংশ্লিষ্ট মালিকের লিখিত আবেদনক্রমে, সংশ্লিষ্ট অধিক্ষেত্রের সহকারী কমিশনার পদমর্যাদার নিম্নে নহেন এমন কোন কর্মকর্তা, অতঃপর কর্মকর্তা বলিয়া উল্লিখিত, বিধি ৪ এ বর্ণিত শর্তাদি পূরণ সাপেক্ষে, এতদসম্পর্কিত ন্যায় নির্ণয়ন অনিশ্চয় থাকাকালীন সময় পর্যন্ত অন্তর্বর্তীকালীন ছাড় (interim release), অতঃপর ছাড় বলিয়া উল্লিখিত, প্রদান করিতে পারিবেন।

- ৪। ছাড় প্রদানের জন্য পালনীয় শর্তাদি ও পদ্ধতি।- (ক) পণ্যের মালিককে সংযোজিত ছকে কোন তফসিলি ব্যাংক হইতে কর্মকর্তার অনুকূলে প্রযোজ্য কর সহ পণ্য মূল্যের দ্বিগুণ পরিমাণ অর্থের ব্যাংক গ্যারান্টি প্রদান করিতে হইবে এবং পণ্যের ছাড়ের সময় উহার প্রতিনিধিত্ব মূলক নমুনা মামলার চূড়ান্ত নিষ্পত্তি না হওয়া পর্যন্ত আলামত হিসাবে সংরক্ষনের উদ্দেশ্যে সংশ্লিষ্ট গুদাম রক্ষণ কর্মকর্তার নিকট প্রদান করিতে হইবে;
- (খ) যানবাহনের মালিককে ছাড় প্রদানের আবেদনের সহিত উক্ত যানবাহনের মালিকানা সম্পর্কিত প্রমাণাদি দাখিল করিতে হইবে এবং তাঁহাকে কর্মকর্তার অনুকূলে সংযোজিত ছকে কোন তফসিলী ব্যাংক হইতে যানবাহনের নিরূপিত মূল্যের পঁচিশ শতাংশ পরিমাণ অর্থের ব্যাংক গ্যারান্টি প্রদান করিতে হইবে;
- (গ) পণ্য ও যানবাহনের মালিক একই ব্যক্তি হইলে তাঁহাকে যানবাহনের মালিকানা সম্পর্কিত প্রমাণাদিসহ দফা (ক) এ বর্ণিত সকল শর্ত পূরণ করিতে হইবে।

ব্যাংক গ্যারান্টি

ছক

[বিধি ৪ দ্রষ্টব্য]

আমরা (ব্যাংক এর নাম ও ঠিকানা)

মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ২৭ এর উপ-ধারা (১) ও ধারা ৩৯ এর উপ-ধারা (২) মোতাবেক জনাব/মেসার্স (পণ্য বা যানবাহন বা ক্ষেত্রমত, উভয়েরই মালিকের নাম ও ঠিকানা)

এর মালিকানাধীন আটককৃত পণ্য বা যানবাহন বা উভয় ক্ষেত্রে অন্তর্বর্তীকালীন ছাড় প্রদানের জন্য মূল্য সংযোজন কর সহকারী/ ডেপুটি/ যুগ্ম/ অতিরিক্ত কমিশনার/ কমিশনার (অফিসের নাম) এর মাধ্যমে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নিকট টাকা (অংক ও কথায়) এর জন্য এই গ্যারান্টি প্রদান করিতেছি।

২। আমরা এই মর্মে অঙ্গিকার প্রদান করিতেছি যে, আটককৃত পণ্য বা যানবাহন, বা উভয়েরই মালিক উপরে উল্লিখিত কর্মকর্তার নির্দেশ মোতাবেক উক্ত পণ্য বা প্রযোজ্য কর সহ উহার নিরূপিত মূল্যের দ্বিগুণ পরিমাণ অর্থ বা যানবাহন যে কোন সময় নির্দেশিত স্থানে বা পদ্ধতিতে উপস্থাপন করিতে বাধ্য থাকিবে এবং নির্দেশমত উক্ত রূপে উপস্থাপনে ব্যর্থ হইলে উক্ত কর্মকর্তা কর্তৃক চাহিবা মাত্র নিঃশর্তভাবে টাকা (অংক ও কথায়) প্রদান করিতে বাধ্য থাকিব।

৩। আটককৃত পণ্য ও যানবাহন সম্পর্কিত তথ্যাবলীঃ

(১) আটক মামলার নম্বরঃ তারিখঃ

(২) পণ্য ঃ

ক) পণ্যের নাম

খ) পণ্যের পরিমাণ

গ) পণ্য মূল্য (মামলায় নিরূপিত)..... (টাকা)

(৩) যানবাহন ঃ

ক) যানবাহনের ধরণ

খ) মডেল ও তৈরীর সন

গ) চেসিস নম্বর

ঘ) ইঞ্জিন নম্বর

ঙ) রেজিস্ট্রেশনের স্থান তারিখ

চ) রেজিস্ট্রেশন নম্বর রেজিস্ট্রেশনের বৈধ মেয়াদ

ছ) চালকের নাম ড্রাইভিং লাইসেন্স নম্বর

৪। আমরা এই মর্মে আরো অঙ্গিকার করিতেছি যে, আটককৃত উপরোল্লিখিত পণ্য বা যানবাহন, বা উভয় ক্ষেত্রে ন্যায় নির্ণয়ন আদেশ জারী না হওয়া পর্যন্ত এই ব্যাংক গ্যারান্টি বহাল থাকিবে।

স্থান	স্বাক্ষর
তারিখ	নাম
	পদবী

[মূল্য সংযোজন কর অফিস কর্তৃক পূরণীয়]

(১) ব্যাংক গ্যারান্টি রেজিস্টার নম্বর ঃ

(২) রেজিস্টারে এই ব্যাংক গ্যারান্টির ক্রমিক নম্বরঃ

.....
সহকারী/ডেপুটি/মুগা/অতিরিক্ত কমিশনার/
কমিশনারের স্বাক্ষর।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

[ডঃ মোঃ রফিকুল ইসলাম ।

প্রথম সচিব

মুসক নীতি নির্ধারণ ও বাজেট